সমকাল

তারিখ ... 05 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

অধ্যাপক রেজাউল হত্যা

# রাবিতে আন্দোলন চলছে

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজির অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদে আন্দোলন অব্যাহত রয়েছে। হত্যাকাণ্ডের ১২তম দিনেও খুনিদের বিচার দাবিতে ক্যাম্পাসে বিভিন্ন কর্মসূচি পালিত হয়।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে বেলা ১১টায় মানববন্ধন করে রাবি শিক্ষক সমিতি। সমিতির সভাপতি ড. মো. শহীদুল্লাহর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শাহ আজম শান্তনুর সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক মুর্শিদা ফেরদৌস বিনতে হাবিব, ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের দিলীপ কুমার সরকার, সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক নীলুফার সুলতানা, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞানের মাসুদুল হাসান খান প্রমুখ।

এর আগে শহীদুল্লাহ কলা ভবনের সামনে থেকে সকাল সাড়ে ১০টায় শোক র‍্যালি বের করেন ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। র‍্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে সিনেট ভবনের সামনে শিক্ষক সমিতির মানববন্ধনে মিলিত হয়। এ ছাড়া বিভিন্ন বিভাগ সংহতি জানিয়ে বিক্ষোভ মিছিল নিয়ে শিক্ষক সমিতির মানববন্ধনে যোগ দেয়। গত ২৩ এপ্রিল নগরীর শালবাগান এলাকায় নিজ বাড়ির অদূরে দুর্বৃত্তদের হামলায় নিহত হন অধ্যাপক রেজাউল।